রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**সোমবার, অক্টোবর ২, ২০২৩**

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। ]

**ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ**
**প্রধান কার্যালয়**
**রাঙ্গামাটি পার্বত্য জেলা**
**চট্টগ্রাম বিভাগ, বাংলাদেশ।**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ২৩ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ/ ০৭ সেপ্টেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

**স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩**

নং: **ওয়েলফেয়ার টিএসএল/প্রশাঃ/এনজিও সংস্থা/স্বেচ্ছাসেবী কার্যক্রম/বিজ্ঞপ্তি-২০২৩.০০.০৫-১৪৬**—সকলের অবগতি ও কার্যার্থে বিজ্ঞপ্তি প্রকাশ করা যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগ ও এর মন্ত্রণালয় ও বিভাগসমূহ (Allocation of Business) অনুসারে স্মার্ট এডুকেশন বাস্তবায়নে সহযোগীতা প্রদানকারী শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়সহ অন্যান্য মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর বা অধিদপ্তর বা সংস্থাসমূহ এবং ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড (ব্র্যান্ডিং পরিচিতি ও শিরোনামযুক্ত প্রতিষ্ঠান বা সংস্থা: ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ) এর আর্থিক ও কারিগরি সহযোগীতা এবং সার্বিক তত্ত্বাবধানে সংশ্লিষ্ট অন্যান্য সকল এনজিও, কোম্পানি, প্রতিষ্ঠান ও সংস্থাসমূহের সাথে সমন্বয় ও সহযোগীতায় স্মার্ট এডুকেশন এর আওতাভুক্ত সকল কাজ বা কার্যাবলি পরিচালনা করার জন্য বোর্ড অব ডাইরেক্টরস সভায় স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩ অনুমোদন করেছে।

এই বিজ্ঞপ্তি প্রতিষ্ঠান ও জনস্বার্থে প্রকাশ করা হলো এবং এটি অবিলম্বে কার্যকর হবে।

প্রতিষ্ঠান ও জনস্বার্থে

**নুর মোহাম্মদ সিদ্দিকী**
চেয়ারম্যান।



**মূল্য :** টাকা ২৪.০০

## স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩

### প্রথম অধ্যায়
### সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন এবং সংজ্ঞা

১। **সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন**

(১) এটি **'স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩'** নামে অভিহিত হবে।

(২) অন্যকোনো নীতিমালা, চুক্তি বা সমজাতীয় দলিলে ভিন্নরূপ কোনো বিধান না থাকলে, এই 'স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩' এর ধারা, উপধারার নিম্নবর্ণিত সরকারি, আধা সরকারি, স্বায়ত্তশাসিত, বেসরকারি বিভিন্ন কোম্পানি, দেশি ও বিদেশি দাতাগোষ্ঠীর অর্থায়নে বাংলাদেশে পরিচালিত সকল বাংলা ও ইংরেজি ভার্সনের বিশ্ববিদ্যালয়, কলেজ, উচ্চবিদ্যালয়, প্রাথমিক বিদ্যালয়, অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র বা ছাত্রী ও সংশ্লিষ্ট নিয়োজিত সকলের জন্য প্রযোজ্য হবে। যথা: ১) বাংলাদেশের সকল পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহ, ২) বাংলাদেশের সকল প্রাইভেট বিশ্ববিদ্যালয়সমূহ, ৩) জাতীয় বিশ্ববিদ্যালয়ের আওতাভুক্ত সরকারি কলেজসমূহ, ৪) জাতীয় বিশ্ববিদ্যালয়ের আওতাভুক্ত বেসরকারি কলেজসমূহ, ৫) পাবলিক বিশ্ববিদ্যালয়ের আওতাভুক্ত কলেজসমূহ, ৬) বাংলাদেশের সকল সরকারি উচ্চ বিদ্যালয়সমূহ, ৭) বাংলাদেশের সকল বেসরকারি উচ্চ বিদ্যালয়সমূহ, ৮) বাংলাদেশের সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহ, ৯) বাংলাদেশের সকল বেসরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহ, ১০) দেশি ও বিদেশি দাতাগোষ্ঠীর অর্থায়নে বাংলাদেশে পরিচালিত সকল বাংলা ও ইংরেজি ভার্সনের অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ছাত্র বা ছাত্রী ও সংশ্লিষ্ট নিয়োজিত সকল ব্যক্তিগণের জন্য যেকোনো আইন, বিধি ও নীতিমালা যেভাবে প্রযোজ্য ছিল, সে সকল বিধানের বিষয়বস্তুর প্রতিফলনে যে সকল বিধান এই 'স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩' এর সাথে সংযোজিত হয়েছে তা সকলের জন্য প্রযোজ্য থাকবে।

(৩) রাঙ্গামাটি জেলা প্রশাসকের কার্যালয়ে প্রাতিষ্ঠানিক সমঝোতা স্মারক (MoU) বা চুক্তি রেজিস্টার্ড বন্ড নাম্বার দ্বারা যে তারিখ নির্ধারণ করা হয়েছে সে তারিখে বোর্ড অব ডাইরেক্টরস সভার সিদ্ধান্ত মোতাবেকে এই 'স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩' কার্যকর হয়েছে।

(৪) স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩ অবিলম্বে কার্যকর হবে।

২। **সংজ্ঞা**

(১) স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩ বলতে ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড (ব্র্যান্ডিং পরিচিতি ও শিরোনামযুক্ত প্রতিষ্ঠান বা সংস্থা: ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ) এর আর্থিক ও কারিগরি সহযোগীতা এবং সার্বিক তত্ত্বাবধানে লক্ষ্যভুক্ত ছাত্র বা ছাত্রীর শিক্ষা, সামাজিক ও অর্থনৈতিক এবং সংস্কার কার্যক্রমের আওতাভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের স্মার্ট শিক্ষা কার্যক্রম প্রতিষ্ঠা ও পরিচালনার লক্ষ্যে গৃহিত 'স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩' কে বুঝাবে।

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকলে **‘স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩’** অনুযায়ী—

(১) **“স্মার্ট বাংলাদেশ”** বলতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগ (কমিটি বিষয়ক শাখা) কর্তৃক গঠিত ও গৃহিত রূপকল্প-২০৪১ কে বুঝায়;

(২) **‘স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩’** বলতে সমগ্র বাংলাদেশের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে স্মার্ট বাংলাদেশ গঠনের ধারাবাহিকতায় ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড কর্তৃক ‘স্মার্ট এডুকেশন প্রোগ্রাম’ বিস্তারের লক্ষ্যে ‘স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩’ প্রকাশনাকে বুঝায়;

(৩) **“মন্ত্রণালয়”** বলতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ও অন্যান্য মন্ত্রণালয়কে বুঝায়;

(৪) **“বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন” (ইউজিসি)** বলতে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাভুক্ত প্রতিষ্ঠানকে বুঝায়;

(৫) **“মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর”** বলতে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাভুক্ত প্রতিষ্ঠানকে বুঝায়;

(৬) **“বাংলাদেশ স্কাউটস”** বলতে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাভুক্ত বাংলাদেশ স্কাউটসকে বুঝায়;

(৭) **“প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট”** বলতে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাভুক্ত ট্রাস্টকে বুঝায়;

(৮) **“মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড”** বলতে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাভুক্ত সকল শিক্ষাবোর্ডকে বুঝায়;

(৯) **“বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)”** বলতে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাভুক্ত প্রতিষ্ঠানকে বুঝায়;

(১০) **“জাতীয় পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড”** বলতে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাভুক্ত প্রতিষ্ঠানকে বুঝায়;

(১১) **“জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি”** বলতে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাভুক্ত প্রতিষ্ঠানকে বুঝায়;

(১২) **“পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর”** বলতে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাভুক্ত প্রতিষ্ঠানকে বুঝায়;

(১৩) **“শিক্ষা প্রকৌশল অধিদপ্তর”** বলতে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাভুক্ত প্রতিষ্ঠানকে বুঝায়;

(১৪) **“বেসরকারী শিক্ষক নিবন্ধন ও সনদ কর্তৃপক্ষ”** বলতে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাভুক্ত প্রতিষ্ঠানকে বুঝায়;

(১৫) **“কারিগরি শিক্ষা অধিদপ্তর”** বলতে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্‌রাসা শিক্ষা বিভাগের আওতাভুক্ত প্রতিষ্ঠানকে বুঝায়;

(১৬) **“মাদ্‌রাসা শিক্ষা অধিদপ্তর”** বলতে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্‌রাসা শিক্ষা বিভাগের আওতাভুক্ত প্রতিষ্ঠানকে বুঝায়;

(১৭) **“বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড”** বলতে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্‌রাসা শিক্ষা বিভাগের আওতাভুক্ত প্রতিষ্ঠানকে বুঝায়;

(১৮) **“বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষা বোর্ড”** বলতে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্‌রাসা শিক্ষা বিভাগের আওতাভুক্ত প্রতিষ্ঠানকে বুঝায়;

(১৯) **“জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমি”** বলতে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্‌রাসা শিক্ষা বিভাগের আওতাভুক্ত প্রতিষ্ঠানকে বুঝায়;

(২০) **“বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট”** বলতে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্‌রাসা শিক্ষা বিভাগের আওতাভুক্ত প্রতিষ্ঠানকে বুঝায়;

(২১) **“প্রাথমিক শিক্ষা অধিদপ্তর”** বলতে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাভুক্ত প্রতিষ্ঠানকে বুঝায়;

(২২) **“উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো”** বলতে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাভুক্ত প্রতিষ্ঠানকে বুঝায়;

(২৩) **“জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি”** বলতে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাভুক্ত প্রতিষ্ঠানকে বুঝায়;

(২৪) **“শিশু কল্যাণ ট্রাস্ট”** বলতে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাভুক্ত প্রতিষ্ঠানকে বুঝায়;

(২৫) **“বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট”** বলতে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাভুক্ত প্রতিষ্ঠানকে বুঝায়;

(২৬) **“শিক্ষা প্রতিষ্ঠান”** বলতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ‘শিক্ষা মন্ত্রণালয়’ এবং ‘প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাভুক্ত সকল সরকারি ও বেসরকারি বাংলা ও ইংরেজি ভার্সনের বিশ্ববিদ্যালয়, কলেজ, উচ্চবিদ্যালয়, প্রাথমিক বিদ্যালয়, অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানকে বুঝায়;

(২৭) **"ম্যানেজিং কমিটি" বা "গভর্নিং বোর্ড"** বলতে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদকে বুঝায়;

(২৮) **"প্রতিষ্ঠান"** বলতে ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেডকে বুঝায়;

(২৯) **"সহযোগী প্রতিষ্ঠান বা সংস্থা"** বলতে প্রতিষ্ঠানের মালিকানাধীন বা নিয়ন্ত্রণাধীন কোম্পানি, প্রতিষ্ঠান ও সংস্থাসমূহ এবং পরবর্তীতে অন্তর্ভুক্ত সরকারি অথবা বেসরকারি যেকোনো প্রতিষ্ঠান থেকে নিবন্ধিত যেকোনো প্রতিষ্ঠান বা সংস্থাকে বুঝায়;

(৩০) **"রেজিস্ট্রেশন বা সাবস্ক্রিপশন কর্তৃপক্ষ"** বলতে প্রতিষ্ঠানের মালিকানাধীন 'ফিনটেক আইসিটি রেজিস্ট্রেশন অ্যান্ড সাবস্ক্রিপশন সার্ভিসেস লিমিটেড' কে বুঝায়;

(৩১) **"স্মার্ট এডুকেশন কর্তৃপক্ষ"** বলতে ওয়েলফেয়ার ম্যানেজমেন্ট বা ওয়েলফেয়ার ফ্যামিলি ম্যানেজমেন্ট অথবা এই 'স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩' এর অধীন প্রত্যক্ষ বা পরোক্ষ কাজ বা কার্যাবলি সম্পাদন করার জন্য বিভাগীয় প্রধান কর্মকর্তাগণকে বুঝায়;

(৩২) **"সংস্থা বা সংগঠন"** বলতে 'ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ' ও 'সিএইচটি উইমেন ফোরাম' এবং পরবর্তীতে অন্তর্ভুক্ত সরকারি অথবা বেসরকারি যেকোনো প্রতিষ্ঠান বা সংগঠন থেকে নিবন্ধিত বা সদস্যভুক্ত যেকোনো সংস্থা বা সংগঠনকে বুঝায়;

(৩৩) **"ওয়েলফেয়ার ম্যানেজমেন্ট"** বা **"বোর্ড অব ডাইরেক্টরস"** বলতে 'ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড' পরিচালনার প্রধান বা মূল পর্ষদ সদস্যদেরকে বুঝায়;

(৩৪) **"ওয়েলফেয়ার ফ্যামিলি ম্যানেজমেন্ট"** বলতে ওয়েলফেয়ার ম্যানেজমেন্ট বা বোর্ড অব ডাইরেক্টরস কর্তৃক গঠিত ওয়েলফেয়ার ফ্যামিলি ম্যানেজমেন্ট বুঝায়;

(৩৫) **"কোম্পানি"** বলতে ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড ও এর আওতাভুক্ত যেকোনো নিবন্ধিত কোম্পানিকে বুঝায়;

(৩৬) **"এনজিও সংস্থা"** বলতে 'ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ', ও 'সিএইচটি উইমেন ফোরাম' এবং এনজিও বিষয়ক ব্যুরো কর্তৃক নিবন্ধিত ও প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণাধীন যেকোনো এনজিও সংস্থাকে বুঝায়;

(৩৭) **"ডেভেলপমেন্ট পার্টনারস"** বলতে প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণাধীন চুক্তিবদ্ধ যেকোনো কোম্পানি, বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থা (NGO) ও সংগঠনকে বুঝায়;

(৩৮) **"স্বেচ্ছাসেবী সংস্থা"** বলতে 'ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ' ও 'সিএইচটি উইমেন ফোরাম' এবং 'সমাজসেবা অধিদফতর' অথবা 'মহিলা বিষয়ক অধিদপ্তর' অথবা 'যুব উন্নয়ন অধিদপ্তর' অথবা রেজিস্টার অব জয়েন্ট স্টক কোম্পানি অ্যান্ড ফার্মস নিবন্ধিত ও প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণাধীন যেকোনো স্বেচ্ছাসেবী সংস্থাকে বুঝায়;

(৩৯) **"অ্যাপ"** বলতে প্রতিষ্ঠানের একক মালিকানাধীন ও নিয়ন্ত্রণাধীন My Welfare App অথবা প্রাতিষ্ঠানিক অন্যান্য Mobile Apps কে বুঝায়;

(৪০) **"ওয়েবসাইট"** বলতে প্রতিষ্ঠানের একক মালিকানাধীন ও নিয়ন্ত্রণাধীন www.welfarebd.org অথবা www.welfarefamily.org অথবা www.job.welfarefamily.org অথবা www.welfare.com.bd এবং প্রাতিষ্ঠানিক অন্যান্য Website কে বুঝায়;

(৪১) **"ওয়েলফেয়ার সফটওয়্যার"** বলতে প্রতিষ্ঠানের একক মালিকানাধীন ও নিয়ন্ত্রণাধীন ওয়েলফেয়ার কাস্টমাইজড ও ব্যবহৃত যেকোনো সফটওয়্যারকে বুঝায়;

(৪২) **"অ্যাপ, ওয়েবসাইট ও সফটওয়্যার ভিত্তিক নিবন্ধন সদস্য সংগ্রহ"** বলতে প্রতিষ্ঠানের একক মালিকানাধীন ও নিয়ন্ত্রণাধীন My Welfare App অথবা www.welfarebd.org অথবা www.welfarefamily.org অথবা www.job.welfarefamily.org অথবা www.quiz.welfarefamily.org অথবা www.welfare.com.bd এবং প্রাতিষ্ঠানিক অন্যান্য Software, Website, Mobile Apps সহ অন্যান্য Modern Technology ব্যবহার করে স্মার্ট এডুকেশন বাস্তবায়ন করার জন্য কমিউনিটি ভিত্তিক নিবন্ধন সদস্য সংগ্রহকে বুঝায়;

(৪৩) **"ওয়েলফেয়ার স্টুডেন্ট কমিউনিটি"** বলতে লক্ষ্যভুক্ত ছাত্র বা ছাত্রীর শিক্ষা, সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নের জন্য অ্যাপ নিবন্ধন সদস্য দ্বারা গঠিত কমিউনিটিকে বুঝায়;

(৪৪) **"দান-অনুদান"**বলতে লক্ষ্যভুক্ত ছাত্র বা ছাত্রীর শিক্ষা, সামাজিক ও অর্থনৈতিক এবং কর্তৃপক্ষের কার্যক্রমের আওতাভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের স্মার্ট শিক্ষা কার্যক্রম প্রতিষ্ঠা ও পরিচালনার লক্ষ্যে দেশ ও বিদেশের বিভিন্ন প্রকার দাতাগোষ্ঠী থেকে সংগৃহীত তহবিল বা পণ্যকে বুঝায়;

(৪৫) **"বিনিয়োগ গ্রহণ বা সংগ্রহ"** বলতে লক্ষ্যভুক্ত ছাত্র বা ছাত্রীর শিক্ষা, সামাজিক ও অর্থনৈতিক এবং সংস্থার কার্যক্রমের আওতাভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের স্মার্ট শিক্ষা কার্যক্রম প্রতিষ্ঠা ও পরিচালনার লক্ষ্যে বিভিন্ন প্রকার চুক্তির মাধ্যমে দেশ ও বিদেশের বিনিয়োগকারী দাতাগোষ্ঠী বা ব্যক্তি থেকে হতে সংগৃহীত তহবিলকে বুঝায়;

(৪৬) **"ঋণ গ্রহণ বা সংগ্রহ"** বলতে লক্ষ্যভুক্ত ছাত্র বা ছাত্রীর শিক্ষা, সামাজিক ও অর্থনৈতিক এবং সংস্থার কার্যক্রমের আওতাভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের স্মার্ট শিক্ষা কার্যক্রম প্রতিষ্ঠা ও পরিচালনার লক্ষ্যে বিভিন্ন প্রকার চুক্তির মাধ্যমে দেশ ও বিদেশের ঋণ দাতাগোষ্ঠী বা ব্যক্তি থেকে সংগৃহীত তহবিলকে ঋণ গ্রহণ বা সংগ্রহ বুঝায়;

(৪৭) **"বিজ্ঞাপন"** বলতে ব্যাপক প্রচারের উদ্দেশ্যে পত্রিকা বা সোস্যাল মিডিয়া বা অন্যান্য গণমাধ্যমে প্রকাশিত বিজ্ঞাপনকে বুঝায়;

(৪৮) **"তফসিল"** বলতে এই 'স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩' এর সাথে সংযোজিত তফসিলকে বুঝায়;

(৪৯) **"নীতিমালা বা পরিপত্র বা বিজ্ঞপ্তি"** বলতে কর্তৃপক্ষের প্রয়োজনে সময়ে সময়ে জারীকৃত যেকোনো নীতিমালা বা পরিপত্র বা বিজ্ঞপ্তিকে বুঝাবে;

(৫০) **"গেজেট বিজ্ঞপ্তি"** বলতে কর্তৃপক্ষের প্রয়োজনে সময়ে সময়ে বোর্ড অব ডাইরেক্টরস সভায় অনুমোদন গ্রহণ করে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত গেজেট বিজ্ঞপ্তিকে বুঝাবে।

## দ্বিতীয় অধ্যায়
## রূপকল্প, উদ্দেশ্য ও কৌশলগত উদ্দেশ্যসমূহ

### ৩। স্মার্ট এডুকেশন বাস্তবায়ন রূপকল্প

শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, অধীন দপ্তর বা সংস্থাসমূহ বাংলাদেশে শিক্ষা সংক্রান্ত সার্বিক ব্যবস্থাপনা ও পরিচালনা করে থাকে। বাংলাদেশের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সুশাসন ও ব্যবস্থাপনা উন্নয়নের মাধ্যমে উচ্চশিক্ষা ও উদ্ভাবনী গবেষণায় উৎকর্ষতা অর্জন, টেকসই আর্থ-সামাজিক উন্নয়ন ও জ্ঞান ভিত্তিক অর্থনীতি গড়ে তুলতে প্রাথমিক, মাধ্যমিক ও বিশ্ববিদ্যালয়সমূহকে সার্বিক সুবিধা প্রদান নিশ্চিত করা। যাতে বাংলাদেশের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে স্মার্ট বাংলাদেশ ২০৪১ গঠনের ধারাবাহিকতায় 'স্মার্ট এডুকেশন প্রোগ্রাম' বিস্তারের লক্ষ্যে 'স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩' অনুযায়ী বাংলাদেশের উন্নয়নে অবদান রাখতে পারে এমন আলোকিত মানুষ তৈরি করতে সকলের জন্য উপলব্ধ শিক্ষাগত সুবিধা প্রদানের লক্ষ্যে ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ কাজ করছে। ওয়েলফেয়ার স্মার্ট এডুকেশন কর্তৃপক্ষ প্রাথমিক, মাধ্যমিক এবং উচ্চ শিক্ষা স্তরের সমস্যাগুলি সমাধানের জন্য পরিষেবা প্রদানের গুণমান বাড়ানো এবং প্রাথমিক, মাধ্যমিক ও বিশ্ববিদ্যালয়সমূহের শিক্ষায় অ্যাক্সেসের সমতা উন্নত করার জন্য আধুনিক শিক্ষার গুণমান উন্নতি এবং নির্দিষ্ট পদক্ষেপের উপর মনোযোগ দিচ্ছে। দেশের শিক্ষার গুণগত ও পরিমাণগত ক্রমবর্ধমান চাহিদার কথা চিন্তা করে, প্রাথমিক, মাধ্যমিক ও বিশ্ববিদ্যালয়সমূহ এবং শিক্ষা প্রশাসনে একটি আধুনিক উৎকর্ষের কেন্দ্র হিসাবে বিকশিত হওয়ার লক্ষ্যে কারিগরি, বৃত্তিমূলক, বিজ্ঞান ও প্রযুক্তিভিত্তিক শিক্ষা এবং প্রশিক্ষণের সমন্বয়ে শিক্ষিত, প্রশিক্ষিত, দক্ষ ও নৈতিক মূল্যবোধসম্পন্ন মানব সম্পদ সৃষ্টি করার জন্য ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ কাজ করছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্মার্ট বাংলাদেশ-২০৪১ ও স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩ বাস্তবায়নে সরকারের উন্নয়ন সহযোগী হিসেবে ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ ও ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড এবং সিএইচটি উইমেন ফোরাম প্রতিষ্ঠান ও সংস্থা সম্পর্কে মাননীয় প্রধানমন্ত্রী সম্মত আছেন।

৪। **স্মার্ট এডুকেশন বাস্তবায়নের উদ্দেশ্যসমূহ**

(১) সবার জন্য মানসম্মত প্রাথমিক শিক্ষার সুযোগ সম্প্রসারণ ও দক্ষতাভিত্তিক জীবনব্যাপী শিক্ষা নিশ্চিত করা;

(২) সাধারণ, বিজ্ঞান ও প্রযুক্তিভিত্তিক শিক্ষা এবং প্রশিক্ষণের সমন্বয়ে সুশিক্ষিত, দক্ষ ও উন্নত নৈতিকতাসম্পন্ন মানব সম্পদ সৃষ্টি করা;

(৩) উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষা কার্যক্রম ও আর্থিক চাহিদা নিরূপণ এবং বাংলাদেশে উচ্চস্তরের শিক্ষা সংক্রান্ত কৌশলগত পরিকল্পনা প্রণয়ন করা;

(৪) স্মার্ট শিক্ষা কার্যক্রম প্রতিষ্ঠা ও পরিচালনার মাধ্যমে সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষা কার্যক্রমের প্রাসঙ্গিক বিষয়াদির গুণগত মানোন্নয়ন করা;

(৫) অধিকতর উন্নত গবেষণার জন্য অবকাঠামো প্রতিষ্ঠা এবং উদ্ভাবনী গবেষণার সক্ষমতাকে শক্তিশালী করা;

(৬) শিক্ষা প্রতিষ্ঠানসমূহে উদিয়মান প্রযুক্তি এবং শিক্ষার সবগুলো শাখার ফলিত গবেষণাকে উৎসাহ প্রদান করা;

(৭) জাতীয় উন্নয়নের লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ এবং শিল্প প্রতিষ্ঠানের মধ্যে পারস্পরিক যোগাযোগ স্থাপনকে উৎসাহিত করা;

(৮) স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যায়ে সুশাসন ও আর্থিক ব্যবস্থাপনার উন্নয়নে সচেষ্ট হতে সহায়তা করা;

(৯) শিক্ষা প্রতিষ্ঠানসমূহের সম্ভাব্য সকল ক্ষেত্রে আইসিটির প্রয়োগ এবং দেশ ও দেশের বাইরের শিক্ষা প্রতিষ্ঠানসমূহের মধ্যে স্মার্ট বা ডিজিটাল যোগাযোগ স্থাপনে সহায়তা করা;

(১০) সরকারি ও বেসরকারি স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়সমূহের জন্য প্রয়োজনীয় বরাদ্দ প্রদানে সহায়তা করা;

(১১) প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ স্তরের শিখন বা শেখানো পদ্ধতির মানোন্নয়নের লক্ষ্যে বাংলাদেশের প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা ব্যবস্থার উন্নয়নে সহায়তা প্রদান করা;

(১২) প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ স্তরের উদ্ভাবনী গবেষণা ও উন্নয়নকে উৎসাহিত করতে সহায়তা করা;

(১৩) সরকারি ও বেসরকারি স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়সমূহের সুশাসন সংক্রান্ত বিষয়সমূহের উন্নয়ন ঘটানোর লক্ষ্যে উন্নয়ন সহযোগী হিসেবে সরকারের বিভিন্ন স্তরের শিক্ষার নীতিমালা এবং আন্তর্জাতিক মানে পৌঁছানোর লক্ষ্যে মান নিশ্চিতকরণ সংক্রান্ত নীতিমালা প্রণয়ন এবং সে অনুযায়ী সরকারকে পরামর্শ প্রদান ও সহযোগিতা করা;

(১৪) বাংলাদেশ ব্যাংক বা কেন্দ্রীয় ব্যাংকের লাইসেন্স প্রাপ্ত যেকোনো আর্থিক প্রতিষ্ঠানের অনলাইন পেমেন্ট গেটওয়ের ব্যবহার করে শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র বা ছাত্রীদের মাসিক বেতনসহ অন্যান্য ফি পরিশোধ করতে সহযোগীতা করা;

(১৫) বিশ্ববিদ্যালয়, কলেজ, উচ্চবিদ্যালয়, প্রাথমিক বিদ্যালয় ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র বা ছাত্রীদের My Welfare App অথবা www.welfarebd.org এর রেজিস্ট্রেশন ও স্মার্ট এডুকেশন প্রোগ্রাম সাবস্ক্রিপশন শিক্ষা প্রতিষ্ঠান এবং ওয়েলফেয়ার স্টুডেন্ট কমিউনিটির সদস্যদের নিম্নোক্ত সেবার আওতাভুক্ত করা যাবে। যথা:

(১) ডিজিটাল ডিভাইস, মাল্টিমিডিয়া কনটেন্ট, ইন্টারেক্টিভ এনিমেশন এবং অডিও-ভিডিও দিয়ে পাঠদানের ব্যবস্থা করা;

(২) শিক্ষার সকল উপকরণ ও সরঞ্জাম, খেলাধুলার মাঠ, যাতায়াত ব্যবস্থা ইত্যাদি সকল প্রতিষ্ঠানে একই রকম করার উদ্যোগ গ্রহণে সরকারকে সহযোগীতা করা;

(৩) অভিভাবক সমাবেশ করা;

(৪) শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র বা ছাত্রী ও অভিভাবকদের জন্য যাত্রী ছাউনি স্থাপন করা;

(৫) সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিশেষ করে প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার মান এক করার উদ্যোগে সরকারকে সহযোগীতা করা;

(৬) শিক্ষার্থীদের জন্য বছরে একবার উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে (বিশ্ববিদ্যালয়), গবেষণা কেন্দ্র, শিল্প প্রতিষ্ঠান, ইতিহাস ও ঐতিহ্যর স্থানসমূহ পরিদর্শন করানোর উদ্যোগ গ্রহণ করা;

(৭) স্মার্ট এডুকেশন সংক্রান্ত বিষয়ে শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকদের মতবিনিময়, কর্মশালা ও বিভিন্ন সচেতনতামূলক উঠান বৈঠক, ক্যাম্পেইন, প্রশিক্ষণের গুরুত্ব সম্পর্কে সচেতন করা;

(৮) প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ স্তরের ছাত্র বা ছাত্রীদের পড়াশোনার জন্য উপযুক্ত মনোরম পরিবেশ তৈরি করতে কর্তৃপক্ষকে সচেতন করা;

(৯) সরকারি ও বেসরকারি স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়সমূহে ক্রীড়া, বিতর্ক ও সাংস্কৃতিক প্রতিযোগিতা এবং শিক্ষা সফরের আয়োজন করা;

(১০) প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ স্তরের ছাত্র বা ছাত্রীদের জন্য আধুনিক জিমনেসিয়াম, সুসজ্জিত ব্যায়ামাগার, ডে কেয়ার ইত্যাদি স্থাপন করা;

(১১) বিশ্ববিদ্যালয়, কলেজ, উচ্চবিদ্যালয়, প্রাথমিক বিদ্যালয়, অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের অন্ধ, ডিজেবল ও বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের জন্য আধুনিক শ্রেণিকক্ষ তৈরি করে দেয়া;

(১২) প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ স্তরের ছাত্র বা ছাত্রীদের কর্মমুখী, সৃজনশীল ও কল্যানমূখী দেশপ্রেম শিক্ষায় শিক্ষিত করতে সহায়তা করা;

(১৩) বিশ্ববিদ্যালয়, কলেজ, উচ্চবিদ্যালয়, প্রাথমিক বিদ্যালয়, অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে বিভিন্ন ধরনের শিক্ষা উপকরণ সরবরাহ করা;

(১৪) প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা স্তরের কিশোরী শিক্ষার্থীদের মাঝে স্যানিটারি ন্যাপকিন সরবরাহ বা বিতরণ করা;

(১৫) স্মার্ট বাংলাদেশ ২০৪১ বিনির্মাণে স্মার্ট এডুকেশন ফেস্টিভ্যাল প্রোগ্রাম আয়োজন করা;

(১৬) প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ স্তরের শিক্ষা প্রতিষ্ঠানে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) তৈরি করে দেয়া;

৫। **স্মার্ট এডুকেশন বাস্তবায়নের কৌশলগত উদ্দেশ্যসমূহ**

**(১)** My Welfare App অথবা www.welfarebd.org এর মাধ্যমে বিশ্ববিদ্যালয়, কলেজ, উচ্চবিদ্যালয়, প্রাথমিক বিদ্যালয় ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র বা ছাত্রীদের স্মার্ট এডুকেশন এর আওতাভুক্ত প্রোগ্রাম রেজিস্ট্রেশন ও সাবস্ক্রিপশন করে শিক্ষা প্রতিষ্ঠান ও ওয়েলফেয়ার স্টুডেন্ট কমিউনিটির সদস্যদের জন্য সাশ্রয়ী ও মানসম্মত উচ্চশিক্ষার সুযোগ নিশ্চিত করা;

(২) প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ স্তরের ছাত্র বা ছাত্রীদের জন্য বিনা খরচে বা নিখরচায় (free) ন্যায়সঙ্গত ও মানসম্মত শিক্ষা সমাপন নিশ্চিত করা;

(৩) শিক্ষা ক্ষেত্রে জেন্ডার বৈষম্য দূর করা এবং প্রতিবন্ধি ও ক্ষুদ্র নৃতাত্ত্বিক জনগোষ্ঠিসহ ঝুঁকিতে রয়েছে এমন জনগোষ্ঠীর জন্য প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা স্তরে সমান সুযোগ নিশ্চিত করতে সরকারকে সহায়তা করা;

(৪) স্মার্ট এডুকেশন প্রোগ্রামের আওতায় কার্যকর প্রশিক্ষণের মাধ্যমে শিক্ষকদের দক্ষতা বৃদ্ধি এবং যোগ্যতাসম্পন্ন শিক্ষকের সংখ্যা উল্লেখ্যযোগ্য হারে বৃদ্ধি করতে সহায়তা করা;

(৫) শিশু, প্রতিবন্ধি ও জেন্ডার সংবেদনশীল এবং নিরাপদ, অন্তর্ভুক্তিমূলক ও কার্যকর শিখন বা শেখানো পরিবেশ সম্বলিত শিক্ষা অবকাঠামো নির্মাণ ও উন্নয়ন করতে সহায়তা করা;

(৬) প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ স্তরের ছাত্র বা ছাত্রীদের মানসম্মত শিক্ষার সুযোগ সম্প্রসারণ করতে সহায়তা করা;

(৭) শিক্ষা ও শিক্ষা ব্যবস্থাপনার মানোন্নয়নে সরকার ও সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানকে সহায়তা করা;

(৮) প্রতিষ্ঠানিক সক্ষমতা ও শিক্ষকদের দক্ষতা বৃদ্ধি করতে সহায়তা করা;

(৯) শিক্ষাক্ষেত্রে ন্যায্যতা ও সমতা (equity & equality) নিশ্চিত করতে সহায়তা করা।

৬। **স্মার্ট এডুকেশন বাস্তবায়নে সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ**

স্মার্ট এডুকেশন বাস্তবায়নে সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ। যথাঃ

**(১)** প্রধান চ্যালেঞ্জসমূহ হচ্ছে প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ স্তরের ছাত্র বা ছাত্রীদের মানসম্মত স্মার্ট শিক্ষা ও প্রশিক্ষণ নিশ্চিত করা;

(২) অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে সক্ষম উৎপাদনমুখী মানব সম্পদ তৈরি করতে সহায়তা করা;

(৩) দক্ষ মানব সম্পদ গড়ার লক্ষ্যে শিক্ষার এনরোলমেন্ট বৃদ্ধি করতে সহায়তা করা;

(৪) নানাবিধ পরিস্থিতিতে স্বাভাবিক পাঠদান কার্যক্রম অব্যাহত রাখতে সহায়তা করা;

(৫) শিক্ষার সকল স্তরে জেন্ডার বৈষম্য দূর করা এবং সকল জনগোষ্ঠীর জন্য সাধারণ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা স্তরে সমান সুযোগ নিশ্চিত করতে সহায়তা করা;

(৬) শিশু, প্রতিবন্ধি ও জেন্ডার সংবেদনশীল এবং নিরাপদ, অন্তর্ভুক্তিমূলক ও কার্যকর শিখন পরিবেশ সম্বলিত পর্যাপ্ত সংখ্যক শিক্ষা অবকাঠামো নির্মাণ ও উন্নয়ন করতে সহায়তা করা;

(৭) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে যোগ্যতাসম্পন্ন শিক্ষকের সংখ্যা উল্লেখযোগ্য হারে বৃদ্ধি করতে সহায়তা করা;

(৮) চতুর্থ শিল্প বিপ্লবের সাথে তাল মিলিয়ে সাধারণ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষার প্রতিটি স্তরে পাঠ্যক্রমে নতুন কন্টেন্ট অন্তর্ভুক্ত করতে সহায়তা করা।

৭। **স্মার্ট এডুকেশন বাস্তবায়নে ভবিষ্যৎ পরিকল্পনা**

(১) উন্নয়ন প্রকল্পের মাধ্যমে ২০৪১ সালের মধ্যে পর্যাপ্ত সংখ্যক শিক্ষা অবকাঠামো নির্মাণ ও বিদ্যমান অবকাঠামোসমূহের সম্প্রসারণ ও উন্নয়নে পর্যায়ক্রমে কারিকুলাম ও সিলেবাস পরিমার্জন অব্যাহত রাখতে সরকারকে সহায়তা করা;

(২) স্মার্ট বাংলাদেশ ২০৪১ বিনির্মাণে স্মার্ট এডুকেশন প্রোগ্রাম এর আওতায় অনলাইন পাঠদান কার্যক্রম অব্যাহত রাখা এবং সে লক্ষ্যে ডিজিটাল কনটেন্ট প্রস্তুত করতে সহায়তা করা;

(৩) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে যোগ্যতাসম্পন্ন শিক্ষক নিয়োগ ও তাদের মানসম্মত প্রশিক্ষণ প্রদান করতে সহায়তা করা।

৮। **স্মার্ট এডুকেশন বাস্তবায়নে প্রধান পরিকল্পনা**

(১) স্মার্ট এডুকেশন বাস্তবায়নে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারকে আইন, বিধি ও প্রবিধানমালা প্রণয়ন করতে সরাসরি সহায়তা করা;

(২) প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ স্তরের ছাত্র বা ছাত্রীদের বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণে সরকারকে সহায়তা করা;

(৩) শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক বা কর্মচারী ও শিক্ষার্থীদের অনুদান প্রদান করতে সহায়তা করা;

(৪) দরিদ্র ও হতদরিদ্র শিক্ষার্থীকে বৃত্তি ও উপবৃত্তি প্রদান করতে সহায়তা করা;

(৫) সরকার শিক্ষা ব্যবস্থাপনাকে বিকেন্দ্রীকরণের উদ্যোগ নিয়েছে, তা বাস্তবায়ন করতে সহায়তা করা;

(৬) পাঠ্যপুস্তকের স্ক্রিপ্ট মূল্যায়নের জন্য একটি স্বতন্ত্র পাঠপুস্তক মূল্যায়ন কমিটি গঠন করা হয়েছে, উক্ত কমিটিকে সহায়তা করা;

(৭) সৃজনশীল মেধা অন্বেষণ কার্যক্রমে সহায়তা করা;

(৮) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি বা গভর্নিং বডি পূর্ণ:প্রতিষ্ঠা করতে সরকারকে সহায়তা করা;

(৯) শ্রেণিকক্ষে পাঠদান মনিটরিং এর জন্য কমিটি গঠন করতে সরকারকে সহায়তা করা;

(১০) শিক্ষক প্রশিক্ষণ জোরদারকরণে সরকারকে সহায়তা করা;

(১১) সাধারণ শিক্ষা, কারিগরি ও মাদ্‌রাসা শিক্ষার কারিকুলাম আধুনিকায়নে সরকারকে সহায়তা করা;

(১২) বিশ্ববিদ্যালয়, কলেজ, উচ্চবিদ্যালয়, প্রাথমিক বিদ্যালয় ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার বা ল্যাপটপ বিতরণে সরকারকে সহায়তা করা;

(১৩) শিক্ষকদের সৃজনশীল পদ্ধতির উপর প্রশিক্ষণ প্রদানে সরকারকে সহায়তা করা।

৯। **স্মার্ট এডুকেশন বাস্তবায়নে প্রধান কার্যাবলি**

(১) স্মার্ট এডুকেশন বাস্তবায়নে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারকে শিক্ষা সংক্রান্ত নীতি প্রণয়ন ও সংস্কার এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক নিবন্ধন এবং আর্থিক সহায়তা প্রদান করতে সহায়তা করা;

(২) দেশে ও বিদেশের চাহিদাভিত্তিক দক্ষ ও প্রশিক্ষিত মানব সম্পদ সৃষ্টির লক্ষ্যে কারিগরি ও মাদ্রাসা শিক্ষার বিভিন্ন পর্যায়ের পাঠ্যক্রম প্রণয়ন, বাস্তবায়ন, মূল্যায়ন ও উন্নয়ন করতে সহায়তা করা;

(৩) সাধারণ, কারিগরি ও মাদ্‌রাসা শিক্ষার মানোন্নয়নে গবেষণা, প্রশিক্ষণ, আইন, নীতিমালা ও প্রকল্প প্রণয়ন, বাস্তবায়ন এবং পরিবীক্ষণ করতে সহায়তা করা;

(৪) সাধারণ, কারিগরি ও মাদ্‌রাসা শিক্ষার বিভিন্ন পর্যায়ের পাঠ্যপুস্তক প্রণয়ন, মুদ্রণ ও বিতরণ করতে সহায়তা করা;

(৫) শিক্ষা প্রতিষ্ঠানে ব্রডব্যান্ড সংযোগ, মাল্টিমিডিয়া বই, শ্রেণিকক্ষে পাঠদানে আইসিটি ব্যবহার এবং শিক্ষা ব্যবস্থাপনায় আইসিটির বাস্তব প্রয়োগ করতে সহায়তা করা;

(৬) শিক্ষার্থীদের অনলাইন পাঠদান কার্যক্রম চালু ও অব্যাহত রাখতে সহায়তা করা;

(৭) শিক্ষানীতির সুপারিশ বাস্তবায়ন করতে সরকারকে সহায়তা করা;

(৮) শিক্ষার মানোন্নয়নের জন্য শিক্ষা প্রতিষ্ঠানের মান নির্ধারণ (র‍্যাংকিং) করতে সহায়তা করা;

(৯) স্মার্ট শিক্ষা, গবেষণা এবং উদ্ভাবন প্রোগ্রাম বাস্তবায়ন করা;

(১০) শিক্ষার্থীদের অনলাইন কার্যক্রম নিশ্চিত করতে 'ওয়ান স্টুডেন্ট, ওয়ান ল্যাপটপ, ওয়ান ড্রিম' এর আওতায় ল্যাপটপ সহায়তা কার্যক্রম পরিচালনা করতে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগকে সহায়তা করা;

(১১) অল্টারনেটিভ স্কুল ফর স্টার্টআপ এডুকেটর অব টুমোরো (এসেট) প্রতিষ্ঠা করতে সরকারকে সহায়তা করা;

(১২) সেন্টার ফর লার্নিং ইনোভেশন অ্যান্ড ক্রিয়েশন অব নলেজ স্থাপন করতে সরকারকে সহায়তা করা।

১০। **স্মার্ট এডুকেশন বাস্তবায়নে সমন্বয়কারী প্রতিষ্ঠানসমূহ**

**(১) ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ ও এর আওতাধীন সংস্থা বা সংগঠন বা দাতাগোষ্ঠীসমূহের অংশগ্রহণে স্মার্ট এডুকেশন কার্যক্রম বাস্তবায়ন পদ্ধতি**

(১) স্মার্ট এডুকেশন প্রোগ্রামের আওতায় প্রশিক্ষণপ্রাপ্ত প্রতিভাবান, নিজ উদ্যোগে শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন করতে আগ্রহী, নিজস্ব সম্পদ বিনিয়োগে সমর্থ ও নৈতিকতাসম্পন্ন শিক্ষক বা যুবদের বাছাই করে তালিকা প্রণয়ন করে স্মার্ট এডুকেশন কর্তৃপক্ষ বরাবর সরবরাহকরণ এবং আর্থিক বা কারিগরি সহযোগীতা প্রদান করা;

(২) স্মার্ট এডুকেশন প্রোগ্রাম বাস্তবায়ন করার জন্য আগ্রহী শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষকদের জেলা, উপজেলা ও ইউনিয়ন ভিত্তিক ডাটাবেইজ বা তালিকা তৈরি করে প্রতি মাসের প্রথম সপ্তাহে প্রতিষ্ঠানের স্মার্ট এডুকেশন কর্তৃপক্ষ বরাবর সরবরাহ করা;

(৩) স্মার্ট এডুকেশন প্রোগ্রামের আওতায় প্রশিক্ষণ গ্রহণ করেন নাই এমন উদ্যোক্তাদের জেলা, থানা বা উপজেলা ও ইউনিয়ন ভিত্তিক ডাটাবেইজ বা তালিকা তৈরি করে স্মার্ট এডুকেশন কর্তৃপক্ষ বরাবর সরবরাহ করা;

(৪) সংশ্লিষ্ট জেলা, থানা বা উপজেলা ও ইউনিয়ন কো-অর্ডিনেটর ও এক্সিকিউটিভ (মার্কেটিং) বা টিমের সদস্য কর্তৃক সরজমিনে শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও স্মার্ট এডুকেশন প্রোগ্রামের আওতায় দিক নির্দেশনা প্রদান করা;

(৫) স্মার্ট এডুকেশন প্রশিক্ষণ মডিউলে ‘লোকাল বিজনেস প্লান’ তৈরির বিষয় অন্তর্ভুক্ত করে প্রশিক্ষণার্থীদের ধারণা প্রদান করা;

(৬) প্রতিমাসে সংশ্লিষ্ট জেলা, থানা বা উপজেলা, ইউনিয়ন কো-অর্ডিনেটর ও এক্সিকিউটিভ (মার্কেটিং) বা টিমের সদস্যদের নিয়ে স্মার্ট এডুকেশন প্রোগ্রামের অগ্রগতি পর্যালোচনা এবং সাপ্তাহিক ও মাসিক সভা পরিচালনা করা এবং সভা পরিচালনাকারী (সভার পূর্বে করণীয়, সভা চলাকালীন সময় করণীয় ও সভার পরে করণীয়) নির্ধারণ করবে এবং সভায় অংশগ্রহণকারী (সভায় অংশগ্রহণের পূর্বে করণীয়, সভা চলাকালীন সময় করণীয় ও সভার পরে করণীয়) প্রতি পালন করা।

**(২) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর বা অধিদপ্তর বা সংস্থাসমূহের অংশগ্রহণে স্মার্ট এডুকেশন বাস্তবায়ন পদ্ধতি**

**(১) স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩ বাস্তবায়নে শিক্ষা মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর বা অধিদপ্তর বা সংস্থাসমূহের সহযোগিতা গ্রহণ**

(১) **গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয় ও এর মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং এর আওতাধীন দপ্তর বা অধিদপ্তর বা সংস্থাসমূহ:** ১) বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, ২) বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ৩) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ৪) জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম), ৫) শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ৬) বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ৭) পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ৮) জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি), ৯) বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), ১০) বাংলাদেশ জাতীয় ইউনেস্কো কমিশন (বিএনসিইউ), ১১) প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ১২) আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, ১৩) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ড, ১৪) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক বা কর্মচারী কল্যাণ ট্রাষ্ট, ১৫) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, ঢাকা, ১৬) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা, ১৭) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর, ১৮) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী, ১৯) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল, ২০) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম, ২১) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট, ২২) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর, ২৩) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ এবং ২৪) বাংলাদেশ স্কাউটস এবং শিক্ষা মন্ত্রণালয় ও এর মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং এর আওতাধীন দপ্তর বা অধিদপ্তর বা সংস্থাসমূহের বাংলাদেশের সকল বিভাগীয় কার্যালয়, জেলা কার্যালয়, থানা বা উপজেলা কার্যালয়, ইউনিয়ন কার্যালয় এবং সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা ও কর্মচারীগণ স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩ বাস্তবায়ন করার জন্য সর্বাত্মক সহযোগিতা করবে।

(২) **শিক্ষা মন্ত্রণালয় ও এর কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এবং এর আওতাধীন দপ্তর বা অধিদপ্তর বা সংস্থাসমূহ:** ১) কারিগরি শিক্ষা অধিদপ্তর, ২) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ৩) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ৪) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ৫) জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমি এবং ৬) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট এবং শিক্ষা মন্ত্রণালয় ও এর কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এবং এর আওতাধীন দপ্তর বা অধিদপ্তর বা সংস্থাসমূহের বাংলাদেশের সকল বিভাগীয় কার্যালয়, জেলা কার্যালয়, থানা বা উপজেলা কার্যালয়, ইউনিয়ন কার্যালয় এবং সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা ও কর্মচারীগণ স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩ বাস্তবায়ন করার জন্য সর্বাত্মক সহযোগিতা করবে।

**(২) স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩ বাস্তবায়নে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর বা অধিদপ্তর বা সংস্থাসমূহের সহযোগিতা গ্রহণ**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর বা অধিদপ্তর বা সংস্থাসমূহ:** ১) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ২) উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ৩) জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি, ৪) শিশু কল্যাণ ট্রাস্ট, ৫) বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর বা অধিদপ্তর বা সংস্থাসমূহের বাংলাদেশের সকল বিভাগীয় কার্যালয়, জেলা কার্যালয়, থানা বা উপজেলা কার্যালয়, ইউনিয়ন কার্যালয় এবং সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা ও কর্মচারীগণ স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩ বাস্তবায়ন করার জন্য সর্বাত্মক সহযোগীতা করবে।

**(৩) স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩ বাস্তবায়নে মন্ত্রিপরিষদ বিভাগ ও এর আওতাধীন দপ্তর বা অধিদপ্তর বা সংস্থাসমূহের সহযোগিতা গ্রহণ**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং মন্ত্রিপরিষদ বিভাগের আওতায় মাঠ প্রশাসনসহ সরকারি, বেসরকারি বিভিন্ন বিভাগের সাথে সমন্বয় করে এবং স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগ, কমিটি বিষয়ক শাখা কর্তৃক ঢাকা, ০২ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ/১৮ অক্টোবর ২০২২খ্রিস্টাব্দ তারিখে নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০২.২২.১৮২ প্রজ্ঞাপনমূলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার 'স্মার্ট বাংলাদেশ টাস্কফোর্সের নির্বাহী কমিটি' গঠন করেছে। এ ধারাবাহিকতায় সরকারি প্রতিষ্ঠান, বেসরকারি কোম্পানি ও সংস্থাসমূহের যৌথ উদ্যোগে স্মার্ট বাংলাদেশ-২০৪১ (স্মার্ট সিটিজেন, স্মার্ট সোসাইটি, স্মার্ট ইকোনমি এবং স্মার্ট গভর্নমেন্ট) বাস্তবায়নের অংশ হিসেবে ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ এর আওতায় সমগ্র বাংলাদেশের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে 'স্মার্ট এডুকেশন প্রোগ্রাম' বিস্তারের লক্ষ্যে 'স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩' বিজ্ঞপ্তি প্রকাশ করে কাজ বা কার্যাবলি বাস্তবায়ন করবে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগ ও এর মন্ত্রণালয় ও বিভাগসমূহ (Allocation of Business অনুসারে) স্মার্ট এডুকেশন বাস্তবায়নে সহযোগীতা প্রদানকারী মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর বা অধিদপ্তর বা সংস্থাসমূহের বাংলাদেশের সকল বিভাগীয় কার্যালয়, জেলা কার্যালয়, থানা বা উপজেলা কার্যালয়, ইউনিয়ন কার্যালয় এবং সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা ও কর্মচারীগণ স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩ বাস্তবায়ন করার জন্য সর্বাত্মক সহযোগিতা করবে।

**(৪) স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩ বাস্তবায়নে জনপ্রশাসন মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর বা অধিদপ্তর বা সংস্থাসমূহের সহযোগিতা গ্রহণ**

জনপ্রশাসন মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর বা অধিদপ্তর বা সংস্থাসমূহ এবং বাংলাদেশের সকল বিভাগীয় কমিশনারের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং সংশ্লিষ্ট সকল সরকারি প্রতিষ্ঠান, সরকারি কিংবা আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত বা আধা-স্বায়ত্তশাসিত বা যেকোনো সংস্থা, কোম্পানি, প্রতিষ্ঠান, এনজিও সংস্থার সরকারি, বেসরকারি যেকোনো প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা ও কর্মচারীগণ স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩ বাস্তবায়ন করার জন্য সর্বাত্মক সহযোগিতা করবে।

**(৫) স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩ বাস্তবায়নে স্থানীয় সরকার ও সমবায় মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর বা অধিদপ্তর বা সংস্থাসমূহের সহযোগিতা গ্রহণ**

স্থানীয় সরকার ও সমবায় মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর বা অধিদপ্তর বা সংস্থাসমূহ: **(ক) স্থানীয় সরকার বিভাগ:** ১) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ২) জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ৩) জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ৪) রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন, ৫) ঢাকা ওয়াসা, ৬) চট্টগ্রাম ওয়াসা, ৭) খুলনা ওয়াসা, ৮) রাজশাহী ওয়াসা, ৯) ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ১০) ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ১২) চট্টগ্রাম সিটি কর্পোরেশন, ১৩) খুলনা সিটি কর্পোরেশন, ১৪) বরিশাল সিটি কর্পোরেশন, ১৫) নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, ১৬) গাজীপুর সিটি কর্পোরেশন, ১৭) রংপুর সিটি কর্পোরেশন, ১৮) কুমিল্লা সিটি কর্পোরেশন, ১৯) রাজশাহী সিটি কর্পোরেশন, ২০) সিলেট সিটি কর্পোরেশন, ২১) ময়মনসিংহ সিটি কর্পোরেশন। **(খ) সমবায় বিভাগ:** ১) সমবায় অধিদপ্তর, ২) বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), ৩) বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কুমিল্লা, ৪) পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ) বগুড়া, ৫) বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড), ৬) বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্কভিটা), ৭) বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড, ৮) ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ), ৯) পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ), ১০) বাংলাদেশ জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশন এবং বাংলাদেশের সকল বিভাগীয় কার্যালয়, জেলা কার্যালয়, থানা বা উপজেলা কার্যালয়, ইউনিয়ন কার্যালয় এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা ও কর্মচারীগণ এবং ১১) বাংলাদেশের সকল বিভাগীয় কমিশনারের কার্যালয়ের পরিচালক (স্থানীয় সরকার), ১২) জেলা প্রশাসকের কার্যালয়ের উপপরিচালক (স্থানীয় সরকার), ১৩) সিটি কর্পোরেশনের মেয়র ও কাউন্সিলরবৃন্দ এবং সকল কর্মকর্তা ও কর্মচারীগণ, ১৪) পৌরসভার মেয়র ও কাউন্সিলরবৃন্দ এবং সকল কর্মকর্তা ও কর্মচারীগণ, ১৫) জেলা পরিষদের চেয়ারম্যান ও সদস্যবৃন্দ এবং সকল কর্মকর্তা ও কর্মচারীগণ, ১৬) উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানবৃন্দ এবং সকল কর্মকর্তা ও কর্মচারীগণ এবং ১৭) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যবৃন্দ এবং সকল কর্মকর্তা ও কর্মচারীগণ স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩ বাস্তবায়ন করার জন্য সর্বাত্মক সহযোগিতা করবে।

(৬) **স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩ বাস্তবায়নে স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর বা অধিদপ্তর বা সংস্থাসমূহের সহযোগিতা গ্রহণ**

স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর বা অধিদপ্তর বা সংস্থাসমূহ: **(ক) জননিরাপত্তা বিভাগ:** ১) বাংলাদেশ পুলিশ, ২) বর্ডার গার্ড বাংলাদেশ, ৩) বাংলাদেশ কোস্ট গার্ড, ৪) বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ৫) তদন্ত সংস্থা আন্ত: অপরাধ ট্রাইবুনাল, ৬) এনটিএমসি, ৭) ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ৮) র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন। **খ) সুরক্ষা সেবা বিভাগ:** ১) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ২) কারা অধিদপ্তর, ৩) বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর এবং ৪) বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর বা অধিদপ্তর বা সংস্থাসমূহের বাংলাদেশের সকল বিভাগীয় কার্যালয়, জেলা কার্যালয়, থানা বা উপজেলা কার্যালয়, ইউনিয়ন কার্যালয় এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা ও কর্মচারীগণ স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩ বাস্তবায়ন করার জন্য সর্বাত্মক সহযোগিতা করবে।

(৭) **স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩ বাস্তবায়নে প্রতিরক্ষা মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর বা অধিদপ্তর বা সংস্থাসমূহের সহযোগিতা গ্রহণ**

প্রতিরক্ষা মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর বা অধিদপ্তর বা সংস্থাসমূহ: ১) বাংলাদেশ সেনাবাহিনী, ২) বাংলাদেশ নৌবাহিনী, ৩) বাংলাদেশ বিমান বাহিনী, ৪) সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর, ৫) আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ, ৬) ক্যাডেট কলেজ, ৭) সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর, ৮) মিলিটারি ইঞ্জিনিয়ার সার্ভিসেস, ৯) প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়, ১০) আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর, ১১) গুপ্তসংকেত পরিদপ্তর, ১২) মিনিস্ট্রি অব ডিফেন্স কনস্ট্যাবিউলারি, ১৩) আন্তঃবাহিনী নির্বাচন পর্ষদ, ১৪) বাংলাদেশ সশস্ত্রবাহিনী বোর্ড, ১৫) বাংলাদেশ অর্ডন্যান্স ফ্যাক্টরিজ, ১৬) বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ১৭) কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, ১৮) প্রতিরক্ষা ক্রয় মহা-পরিদপ্তর, ১৯) বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন সংস্থা, ২০) মিলিটারি ইনস্টিটিউট অব সায়েন্স এন্ড টেকনোলজি, ২১) বাংলাদেশ জরিপ অধিদপ্তর, ২২) সামরিক বাহিনী কমান্ড এন্ড স্টাফ কলেজ এবং ২৩) জাতীয় প্রতিরক্ষা কলেজ এবং প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর বা অধিদপ্তর বা সংস্থাসমূহের বাংলাদেশের সকল বিভাগীয় কার্যালয়, জেলা কার্যালয়, থানা বা উপজেলা কার্যালয়, ইউনিয়ন কার্যালয় এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা ও কর্মচারীগণ স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩ বাস্তবায়ন করার জন্য সর্বাত্মক সহযোগিতা করবে।

## তৃতীয় অধ্যায়
## স্মার্ট এডুকেশন প্রোগ্রাম এর রেজিস্ট্রেশন ও সাবস্ক্রিপশন

### ১১। স্মার্ট এডুকেশন প্রোগ্রাম এর রেজিস্ট্রেশন ও সাবস্ক্রিপশন সমূহ

(১) ছাত্র বা ছাত্রী ও অভিভাবকদের জন্য My Welfare App অথবা www.welfarebd.org এর মাধ্যমে স্মার্ট এডুকেশন রেজিস্ট্রেশন ও সাবস্ক্রিপশনসমূহ। যথা:

| ক্রম | স্মার্ট এডুকেশন রেজিস্ট্রেশন ও সাবস্ক্রিপশন সমূহ | প্রজেক্ট কোড | ফিন্যান্সিয়াল কোড | ডিস্ট্রিবিউশন কোড | রেফারেন্স কোড |
|---|---|---|---|---|---|
| ১) | My Welfare App অথবা www.welfarebd.org | MWA | ৫০০ | ২৫০ | ২৫০ |
| ২) | স্মার্ট প্রাইমারী এডুকেশন সার্ভিসেস প্রোগ্রাম | SPESP | ২৫০০ | ১৫০০ | ১০০০ |
| ৩) | স্মার্ট সেকেন্ডারী এডুকেশন সার্ভিসেস প্রোগ্রাম | SSESP | ৫৫০০ | ৩৩০০ | ২২০০ |
| ৪) | স্মার্ট হায়ার এডুকেশন সার্ভিসেস প্রোগ্রাম | SHESP | ৭৫০০ | ৪৫০০ | ৩০০০ |

২। **ছাত্র বা ছাত্রী ও অভিভাবকদের জন্য মূলধন প্রোগ্রামের আওতায় স্মার্ট এডুকেশন স্ক্র্যাচ কার্ড প্রোগ্রাম ও কুইজ সার্ভিসেসসমূহ। যথা:**

| ক্রম | স্মার্ট এডুকেশন স্ক্র্যাচ কার্ড প্রোগ্রাম ও কুইজ সার্ভিসেস সমূহ | প্রজেক্ট কোড | ফিন্যান্সিয়াল কোড | ডিস্ট্রিবিউশন কোড | রেফারেন্স কোড |
|---|---|---|---|---|---|
| ১) | স্মার্ট কমিউনিটি ফেস্টিভ্যাল স্ক্র্যাচ কার্ড প্রোগ্রাম | SCFSCP | ১৫০ | - | - |
| ২) | স্মার্ট কমিউনিটি ডিজিটাল স্ক্র্যাচ কার্ড প্রোগ্রাম | SCDSCP | ২৫০ | - | - |
| ৩) | স্মার্ট কমিউনিটি ডেভেলপমেন্ট স্ক্র্যাচ কার্ড প্রোগ্রাম | SCDSCP | ৫০০ | - | - |
| ৪) | স্মার্ট প্রাইমারী কুইজ সার্ভিসেস | SPQS | ২৫ | - | - |
| ৫) | স্মার্ট সেকেন্ডারী কুইজ সার্ভিসেস | SSQS | ৫০ | - | - |
| ৬) | স্মার্ট হায়ার কুইজ সার্ভিসেস | SHQS | ১০০ | - | - |

১২। **স্মার্ট এডুকেশন প্রোগ্রাম এর প্রোডাক্ট বা পরিষেবা বিতরণ ব্যবস্থাপনা**

(১) **ছাত্র বা ছাত্রী ও অভিভাবকদের জন্য স্মার্ট এডুকেশন প্রোগ্রাম রেজিস্ট্রেশন ও সাবস্ক্রিপশন আওতাভুক্ত প্রোডাক্ট বা পরিষেবাসমূহ। যথা:**

(১) My Welfare App ও ওয়েবসাইটের মাধ্যমে এককালীন অফেরতযোগ্য রেজিস্ট্রেশন ফি ৫০০ টাকা প্রদান করে রেজিস্ট্রেশনকৃত সদস্যদেরকে দেশ ও বিদেশের সরকারি ও বেসরকারি বিভিন্ন ধরণের দাতাগোষ্ঠীর দান-অনুদান বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে পর্যায়ক্রমে বিনামূল্যের বিভিন্ন প্রকার পরিষেবা প্রদান করা হবে।

(২) **স্মার্ট প্রাইমারী এডুকেশন সার্ভিসেস প্রোগ্রাম**

প্রতিষ্ঠানের পরিচালিত স্মার্ট প্রাইমারী এডুকেশন সার্ভিসেস প্রোগ্রাম এককালীন অফেরতযোগ্য রেজিস্ট্রেশন ফি বা সাবস্ক্রিপশন ফি ২,৫০০ টাকা প্রদান করে রেজিস্ট্রেশন করলে প্রথম শ্রেণী থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত অধ্যায়নরত ছাত্র বা ছাত্রী অথবা অভিভাবকগণ প্রোডাক্ট বা পরিষেবাসমূহ বিতরণ ব্যবস্থাপনা গাইডলাইন অথবা শর্তাবলী বা ধরন অনুযায়ী দেশ ও বিদেশের, সরকারি ও বেসরকারি বিভিন্ন দাতাগোষ্ঠীর বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে পর্যায়ক্রমে উক্ত ওয়েলফেয়ার স্টুডেন্ট কমিউনিটির সদস্যদের প্রোডাক্ট বা পরিষেবাসমূহ বিতরণ করা হবে।

(৩) **স্মার্ট সেকেন্ডারী এডুকেশন সার্ভিসেস প্রোগ্রাম**

প্রতিষ্ঠানের পরিচালিত স্মার্ট সেকেন্ডারী এডুকেশন সার্ভিসেস প্রোগ্রাম এককালীন অফেরতযোগ্য রেজিস্ট্রেশন ফি বা সাবস্ক্রিপশন ফি ৫,৫০০ টাকা প্রদান করে রেজিস্ট্রেশন করলে ষষ্ঠ শ্রেণী থেকে দশম শ্রেণী পর্যন্ত অধ্যায়নরত ছাত্র বা ছাত্রী অথবা অভিভাবকগণ প্রোডাক্ট বা পরিষেবাসমূহ বিতরণ ব্যবস্থাপনা গাইডলাইন অথবা শর্তাবলী বা ধরন অনুযায়ী দেশ ও বিদেশের, সরকারি ও বেসরকারি বিভিন্ন দাতাগোষ্ঠীর বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে পর্যায়ক্রমে উক্ত ওয়েলফেয়ার স্টুডেন্ট কমিউনিটির সদস্যদের প্রোডাক্ট বা পরিষেবাসমূহ বিতরণ করা হবে।

(৪) **স্মার্ট হায়ার এডুকেশন সার্ভিসেস প্রোগ্রাম**

প্রতিষ্ঠানের পরিচালিত স্মার্ট হায়ার এডুকেশন সার্ভিসেস প্রোগ্রাম এককালীন অফেরতযোগ্য রেজিস্ট্রেশন ফি বা সাবস্ক্রিপশন ফি ৭,৫০০ টাকা প্রদান করে রেজিস্ট্রেশন করলে একাদশ শ্রেণী থেকে স্নাতকোত্তর পর্যন্ত অধ্যায়নরত ছাত্র বা ছাত্রী অথবা অভিভাবকগণ প্রোডাক্ট বা পরিষেবাসমূহ বিতরণ ব্যবস্থাপনা গাইডলাইন অথবা শর্তাবলী বা ধরন অনুযায়ী দেশ ও বিদেশের, সরকারি ও বেসরকারি বিভিন্ন দাতাগোষ্ঠীর বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে পর্যায়ক্রমে উক্ত ওয়েলফেয়ার স্টুডেন্ট কমিউনিটির সদস্যদের প্রোডাক্ট বা পরিষেবাসমূহ বিতরণ করা হবে।

(২) **ছাত্র বা ছাত্রী ও অভিভাবকদের জন্য মূলধন প্রোগ্রামের আওতাভুক্ত স্মার্ট এডুকেশন স্ক্র্যাচ কার্ড প্রোগ্রাম ও কুইজ সার্ভিসেস এ অংশগ্রহণকারীদের জন্য নগদ অর্থ, প্রোডাক্ট বা পরিষেবাসমূহ। যথা:**

(১) **স্মার্ট কমিউনিটি ফেস্টিভ্যাল স্ক্র্যাচ কার্ড প্রোগ্রাম**

প্রতিষ্ঠান স্মার্ট কমিউনিটি ফেস্টিভ্যাল স্ক্র্যাচ কার্ড প্রোগ্রাম পরিচালনা করবে। উক্ত প্রোগ্রামে বিভিন্ন প্রকার ওয়েলফেয়ার কমিউনিটি সদস্যরা এককালীন অফেরতযোগ্য রেজিস্ট্রেশন ফি বা সাবস্ক্রিপশন ফি ১৫০ টাকা প্রদানের মাধ্যমে অংশগ্রহণ করতে পারবে এবং স্মার্ট কমিউনিটি ফেস্টিভ্যাল স্ক্র্যাচ কার্ড প্রোগ্রামের শর্তাবলী বা ধরন অনুযায়ী দেশ ও বিদেশের, সরকারি ও বেসরকারি বিভিন্ন দাতাগোষ্ঠীর বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে পর্যায়ক্রমে অংশগ্রহণকারী সদস্যদের নগদ অর্থ অথবা প্রোডাক্ট বা পরিষেবাসমূহ বিতরণ করা হবে।

(২) **স্মার্ট কমিউনিটি ডিজিটাল স্ক্র্যাচ কার্ড প্রোগ্রাম**

প্রতিষ্ঠান স্মার্ট কমিউনিটি ডিজিটাল স্ক্র্যাচ কার্ড প্রোগ্রাম পরিচালনা করবে। উক্ত প্রোগ্রামে বিভিন্ন প্রকার ওয়েলফেয়ার কমিউনিটি সদস্যরা এককালীন অফেরতযোগ্য রেজিস্ট্রেশন ফি বা সাবস্ক্রিপশন ফি ২৫০ টাকা প্রদানের মাধ্যমে অংশগ্রহণ করতে পারবে এবং স্মার্ট কমিউনিটি ডিজিটাল স্ক্র্যাচ কার্ড প্রোগ্রামের শর্তাবলী বা ধরন অনুযায়ী দেশ ও বিদেশের, সরকারি ও বেসরকারি বিভিন্ন দাতাগোষ্ঠীর বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে পর্যায়ক্রমে অংশগ্রহণকারী সদস্যদের এককালীন নগদ অর্থ অথবা প্রোডাক্ট বা পরিষেবাসমূহ বিতরণ করা হবে।

(৩) **স্মার্ট কমিউনিটি ডেভেলপমেন্ট স্ক্র্যাচ কার্ড প্রোগ্রাম**

প্রতিষ্ঠান স্মার্ট কমিউনিটি ডেভেলপমেন্ট স্ক্র্যাচ কার্ড প্রোগ্রাম পরিচালনা করবে। উক্ত প্রোগ্রামে বিভিন্ন প্রকার ওয়েলফেয়ার কমিউনিটি সদস্যরা এককালীন অফেরতযোগ্য রেজিস্ট্রেশন ফি বা সাবস্ক্রিপশন ফি ৫০০ টাকা প্রদানের মাধ্যমে অংশগ্রহণ করতে পারবে এবং স্মার্ট কমিউনিটি ডেভেলপমেন্ট স্ক্র্যাচ কার্ড প্রোগ্রামের শর্তাবলী বা ধরন অনুযায়ী দেশ ও বিদেশের, সরকারি ও বেসরকারি বিভিন্ন দাতাগোষ্ঠীর বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে পর্যায়ক্রমে অংশগ্রহণকারী সদস্যদের এককালীন নগদ অর্থ অথবা প্রোডাক্ট বা পরিষেবাসমূহ বিতরণ করা হবে।

(৪) **স্মার্ট প্রাইমারী কুইজ সার্ভিসেস**

প্রতিষ্ঠানের পরিচালিত স্মার্ট প্রাইমারী কুইজ সার্ভিসেস এ এককালীন অফেরতযোগ্য রেজিস্ট্রেশন ফি বা সাবস্ক্রিপশন ফি ২৫ টাকা প্রদান করে রেজিস্ট্রেশন করলে প্রথম শ্রেণী থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত অধ্যায়নরত ছাত্র বা ছাত্রী অথবা অভিভাবকগণ কুইজ সার্ভিসেস ব্যবস্থাপনা গাইডলাইন অথবা শর্তাবলী বা ধরন অনুযায়ী দেশ ও বিদেশের, সরকারি ও বেসরকারি বিভিন্ন দাতাগোষ্ঠীর বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে পর্যায়ক্রমে উক্ত ওয়েলফেয়ার স্টুডেন্ট কমিউনিটির সদস্যদের এককালীন নগদ অর্থ অথবা প্রোডাক্ট বা পরিষেবাসমূহ বিতরণ করা হবে।

(৫) **স্মার্ট সেকেন্ডারী কুইজ সার্ভিসেস**

প্রতিষ্ঠানের পরিচালিত স্মার্ট সেকেন্ডারী কুইজ সার্ভিসেস এ এককালীন অফেরতযোগ্য রেজিস্ট্রেশন ফি বা সাবস্ক্রিপশন ফি ৫০ টাকা প্রদান করে রেজিস্ট্রেশন করলে প্রথম শ্রেণী থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত অধ্যায়নরত ছাত্র বা ছাত্রী অথবা অভিভাবকগণ কুইজ সার্ভিসেস ব্যবস্থাপনা গাইডলাইন অথবা শর্তাবলী বা ধরন অনুযায়ী দেশ ও বিদেশের, সরকারি ও বেসরকারি বিভিন্ন দাতাগোষ্ঠীর বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে পর্যায়ক্রমে উক্ত ওয়েলফেয়ার স্টুডেন্ট কমিউনিটির সদস্যদের এককালীন নগদ অর্থ অথবা প্রোডাক্ট বা পরিষেবাসমূহ বিতরণ করা হবে।

(৬) **স্মার্ট হায়ার কুইজ সার্ভিসেস**

প্রতিষ্ঠানের পরিচালিত স্মার্ট হায়ার কুইজ সার্ভিসেস এ এককালীন অফেরতযোগ্য রেজিস্ট্রেশন ফি বা সাবস্ক্রিপশন ফি ১০০ টাকা প্রদান করে রেজিস্ট্রেশন করলে প্রথম শ্রেণী থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত অধ্যায়নরত ছাত্র বা ছাত্রী অথবা অভিভাবকগণ কুইজ সার্ভিসেস ব্যবস্থাপনা গাইডলাইন অথবা শর্তাবলী বা ধরন অনুযায়ী দেশ ও বিদেশের, সরকারি ও বেসরকারি বিভিন্ন দাতাগোষ্ঠীর বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে পর্যায়ক্রমে উক্ত ওয়েলফেয়ার স্টুডেন্ট কমিউনিটির সদস্যদের এককালীন নগদ অর্থ অথবা প্রোডাক্ট বা পরিষেবাসমূহ বিতরণ করা হবে।

## চতুর্থ অধ্যায়

## স্মার্ট এডুকেশন প্রোগ্রামের কার্যক্রম এলাকা ও পরিধি সম্প্রসারণ এবং ব্যবস্থাপনা

**১৩। স্মার্ট এডুকেশন প্রোগ্রামের কার্যক্রম এলাকা ও পরিধি সম্প্রসারণ**

প্রতিষ্ঠানের স্মার্ট এডুকেশন প্রোগ্রামের কার্যক্রম এলাকা ও পরিধি হবে বাংলাদেশের সকল বিভাগ, সকল জেলা, সকল উপজেলা, সকল ইউনিয়ন এবং সকল সিটি কর্পোরেশন ও সকল পৌরসভা এলাকা। তবে ভবিষ্যতে প্রতিষ্ঠানের প্রয়োজনবোধে বিশ্বের সকল দেশে কার্যক্রম এলাকা ও পরিধি সম্প্রসারণ করবে।

**১৪। কার্যালয় স্থাপন ব্যতিরেকে স্মার্ট এডুকেশন প্রোগ্রামের কার্যক্রম বাস্তবায়ন পদ্ধতি**

সমগ্র বাংলাদেশ এবং বিশ্বের সকল দেশে কার্যালয় স্থাপন ব্যতিরেকে স্মার্ট এডুকেশন প্রোগ্রামের কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রতিষ্ঠানের একক মালিকানাধীন ও নিয়ন্ত্রণাধীন My Welfare App অথবা www.welfarebd.org অথবা www.welfarefamily.org অথবা www.job.welfarefamily.org অথবা www.quiz.welfarefamily.org অথবা www.welfare.com.bd এবং প্রাতিষ্ঠানিক অন্যান্য Software, Website, Mobile Apps সহ অন্যান্য Modern Technology ব্যবহার করে অ্যাপ বা ওয়েবসাইটের মাধ্যমে সদস্য রেজিস্ট্রেশন বা সাবস্ক্রিপশন করে স্মার্ট এডুকেশন প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রম ইত্যাদি পরিচালনা করতে পারবে।

**১৫। পার্বত্য চট্টগ্রাম ও চট্টগ্রাম বিভাগ এবং সমগ্র বাংলাদেশে স্মার্ট এডুকেশন প্রোগ্রামের কার্যক্রম বাস্তবায়ন পদ্ধতি**

পার্বত্য চট্টগ্রাম তথা রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলা এবং চট্টগ্রাম বিভাগ ও সমগ্র বাংলাদেশের সকল জেলা, সকল উপজেলা, সকল ইউনিয়ন এবং সকল সিটি কর্পোরেশন ও সকল পৌরসভার গ্রাম, পাড়া, মহল্লা এলাকায় প্রতিষ্ঠানের একক মালিকানাধীন ও নিয়ন্ত্রণাধীন My Welfare App অথবা www.welfarebd.org অথবা www.welfarefamily.org অথবা www.job.welfarefamily.org অথবা www.quiz.welfarefamily.org অথবা www.welfare.com.bd এবং প্রাতিষ্ঠানিক অন্যান্য Software, Website, Mobile Apps সহ অন্যান্য Modern Technology ব্যবহার করে অ্যাপ বা ওয়েবসাইটের মাধ্যমে সদস্য রেজিস্ট্রেশন বা সাবস্ক্রিপশন করে স্মার্ট এডুকেশন প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রম ইত্যাদি পরিচালনা করতে পারবে।

**১৬। ওয়েলফেয়ার স্মার্ট এডুকেশন কর্তৃপক্ষ কাঠামো গঠন**

প্রতিষ্ঠানের ওয়েলফেয়ার ম্যানেজমেন্ট সভায় সিদ্ধান্ত গ্রহণ করে প্রাতিষ্ঠানিকভাবে অথবা অন্য যেকোনো উপায়ে বা পদ্ধতিতে বিজ্ঞপ্তি প্রকাশ করে স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩ অনুযায়ী বিভিন্ন প্রকার কাজ বা কার্যাবলি গ্রহণ, বাস্তবায়ন ও পরিচালনা করার জন্য ওয়েলফেয়ার ফ্যামিলি ম্যানেজমেন্ট কাজ করবে এবং প্রতিষ্ঠানের সকল বিভাগ বা উইং সমন্বয় করবে। প্রয়োজনবোধে পরবর্তীতে ওয়েলফেয়ার ম্যানেজমেন্ট কর্তৃপক্ষ ওয়েলফেয়ার স্মার্ট এডুকেশন কর্তৃপক্ষ কাঠামো গঠন করতে পারবে।

**১৭। স্মার্ট এডুকেশন বাস্তবায়নে জনবল (ফুলটাইম বা পার্টটাইম) নিয়োগ**

(১) প্রতিষ্ঠানের নিয়োগ কমিটি বিজ্ঞপ্তি প্রকাশ করে অথবা যেকোনো ভাবে স্মার্ট এডুকেশন বাস্তবায়নের জন্য জনবল (ফুলটাইম বা পার্টটাইম) পদে চাকরি প্রার্থীকে ওয়েলফেয়ার এস্টাব্লিশমেন্ট ম্যানুয়েল, ২০২৩ অনুযায়ী এবং ওয়েলফেয়ার (কর্মকর্তা বা কর্মচারী) চাকরি ও আচরণ নীতিমালা, ২০২৩ এ উল্লিখিত ধারা, উপধারার শর্তসাপেক্ষে জনবল নিয়োগ সম্পাদন করতে পারবে।

(২) স্মার্ট এডুকেশন বাস্তবায়নে জনবল (ফুলটাইম বা পার্টটাইম) চাকরি প্রার্থীকে প্রতিষ্ঠানের মালিকানাধীন অথবা নিয়ন্ত্রণাধীন www.welfarefamily.org বা www.job.welfarefamily.org অথবা প্রাতিষ্ঠানিক অন্যান্য Website এর মাধ্যমে আবেদন করতে হবে।

**(৩) স্মার্ট এডুকেশন বাস্তবায়নে জনবল (ফুলটাইম বা পার্টটাইম) নিয়োগের শর্ত পূরণের জন্য স্বেচ্ছায় স্বপ্রণোদিত হয়ে এককালীন অফেরতযোগ্য ফি প্রদান করে স্মার্ট এডুকেশন প্রোগ্রামের নিম্নোক্ত রেজিস্ট্রেশন ও সাবস্ক্রিপশনসমূহ সম্পাদন করতে হবে। যথা:**

(১) জব পোর্টাল রেজিস্ট্রেশন ফি ২৫০ টাকা প্রদান করতে হবে;

(২) My Welfare App অথবা www.welfarebd.org রেজিস্ট্রেশন ফি ৫০০ টাকা প্রদান করে রেজিস্ট্রেশন করতে হবে;

(৩) স্মার্ট প্রাইমারী এডুকেশন সার্ভিসেস প্রোগ্রাম সাবস্ক্রিপশন ফি ২,৫০০ টাকা প্রদান করে রেজিস্ট্রেশন করতে হবে;

(৪) স্মার্ট সেকেন্ডারী এডুকেশন সার্ভিসেস প্রোগ্রাম সাবস্ক্রিপশন ফি ৫,৫০০ টাকা প্রদান করে রেজিস্ট্রেশন করতে হবে;

(৫) স্মার্ট হায়ার এডুকেশন সার্ভিসেস প্রোগ্রাম সাবস্ক্রিপশন ফি ৭,৫০০ টাকা প্রদান করে রেজিস্ট্রেশন করতে হবে;

(৬) স্মার্ট এডুকেশন স্ক্র্যাচ কার্ড প্রোগ্রাম ও কুইজ সার্ভিসেস প্রোগ্রামসমূহে অংশগ্রহণ করতে হবে;

(৭) স্মার্ট বাংলাদেশ অভিযাত্রা প্রকাশনা কপি ক্রয় করতে হবে;

(৮) ৬০০ টাকার নন জুড়িশিয়াল স্ট্যাম্পে কর্মচারীর অঙ্গীকারনামা ও বৈধ অভিভাবকের জামিনদারনামা নোটারী পাবলিকের কার্যালয়ে সম্পাদন করে জমা দিতে হবে।

(১৮) **স্মার্ট বাংলাদেশ ২০৪১ বাস্তবায়নে স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩**

স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগ, কমিটি বিষয়ক শাখা কর্তৃক ঢাকা, ০২ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ/১৮ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ তারিখে নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০২.২২.১৮২-প্রজ্ঞাপনমূলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার 'স্মার্ট বাংলাদেশ টাস্কফোর্সের নির্বাহী কমিটি' গঠন করেছে। এ ধারাবাহিকতায় ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড (ব্র্যান্ডিং পরিচিতি ও শিরোনামযুক্ত প্রতিষ্ঠান বা সংস্থা: ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ) সরকারের সহযোগী উন্নয়ন সংস্থা হিসেবে স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩ এর আওতাভুক্ত কাজ বা কার্যাবলি বাস্তবায়ন করতে পারবে।

১৯। **স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩ বিজ্ঞপ্তি সংশোধন পদ্ধতি**

স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩ বিজ্ঞপ্তি যুগোপযোগী অথবা নতুন প্রকল্প, কর্মসূচি ও কার্যক্রম অন্তর্ভুক্তিকরণ, বাস্তবায়ন ও সম্প্রসারণ এবং অগ্রগতি ও উন্নয়নের স্বার্থে যেকোনো ধারা, উপধারা প্রণয়ন, উন্নয়ন, পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন, সংযোজন, বিয়োজন, নাম পরিবর্তন বা সংশোধন অথবা একীভূতকরণ এর প্রয়োজনীয়তা দেখা দিলে ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩ বিজ্ঞপ্তি যেকোনো সময় সংশোধন করতে পারবে।

২০। **স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩ বিজ্ঞপ্তির অস্পষ্টতা দূরীকরণ**

স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩ বিজ্ঞপ্তির কোনো ধারা, উপধারা কার্যকর করার ক্ষেত্রে কোনো অস্পষ্টতা দেখা দিলে ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩ বিজ্ঞপ্তির সাথে সঙ্গতিপূর্ণ হওয়া সাপেক্ষে, উক্তরূপ অস্পষ্টতা দূর করতে পারবে।

২১। **স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩ বিজ্ঞপ্তি ইংরেজিতে অনুবাদ প্রকাশ**

স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩ বিজ্ঞপ্তি ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করতে পারবে; শর্ত থাকে যে, বাংলা পাঠ ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাবে।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd